কালের কণ্ঠ

তারিখ . 25 FEB 2016 ... ...
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... 2 ......

# শুরু হচ্ছে জাতীয় হাই স্কুল প্রোগ্রামিং প্রতিযোগিতা

**টেক প্রতিদিন ডেস্ক ▷**

শুক্রবার থেকে শুরু হচ্ছে জাতীয় হাই স্কুল প্রোগ্রামিং প্রতিযোগিতা। শিক্ষার্থীদের কম্পিউটার প্রোগ্রামিংয়ে আগ্রহী করার পাশাপাশি তাদের প্রোগ্রামিং দক্ষতা বৃদ্ধি করতে গত বছর থেকে এ প্রতিযোগিতার আয়োজন করছে সরকারের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ। প্রোগ্রামিং ছাড়াও আইসিটি কুইজ নিয়ে সাজানো হয়েছে এবারের প্রতিযোগিতা। আয়োজনের সহযোগী হিসেবে রয়েছে বাংলাদেশ ওপেন সোর্স নেটওয়্যার্ক ও অনলাইন প্ল্যাটফর্ম কোডমার্শাল। শুক্রবার সন্ধ্যায় 'অনলাইন প্রোগ্রামিং প্র্যাকটিস কনটেস্ট'-এর মাধ্যমে আনুষ্ঠানিকভাবে প্রতিযোগিতা শুরু হবে। ১৬টি আঞ্চলিক পর্যায়ে অনুষ্ঠেয় এ প্রতিযোগিতায় ষষ্ঠ থেকে দ্বাদশ শ্রেণি পর্যায়ের শিক্ষার্থীরা অংশ নিতে পারবে। এসব প্রতিযোগিতা ৬ মার্চ থেকে ৩ এপ্রিলের মধ্যে আয়োজন করা হবে। সব অঞ্চলের বিজয়ীদের নিয়ে ৯ এপ্রিল ঢাকার কৃষিবিদ ইনস্টিটিউট মিলনায়তনে হবে চূড়ান্ত প্রতিযোগিতা। বিস্তারিত : http://algo.codemarshal.org/contests/nhspc-2016-practice-1।